



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
প্লট নং#২৩-২৬, রোড#৪৬, গুলশান-২, ঢাকা  
[www.dncc.gov.bd](http://www.dncc.gov.bd)

“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক কর্মসূচী গ্রহণের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা।  
তারিখ : ২৮/০২/২০২২  
সময় : বিকাল: ০৩:৩০ টা  
স্থান : সভা কক্ষ, নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট: ২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক”

সভাপতি সভার প্রারম্ভে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি সভার শুরুতেই মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহীদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাসহ সকল বীর মুক্তিযোদ্ধা এবং তাদের পরিবারবর্গের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি উল্লেখ করেন, বাঙালী জাতির সর্বশ্রেষ্ঠ অর্জন মহান স্বাধীনতা। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত এ বিষয়ে গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহিত ৫০ টি কর্মসূচী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সানুগ্রহ অনুমোদিত হয়েছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৮.০০.০০০০.০০০.০৫.০০১.২২.২৭৩ সংখ্যক স্মারকের পত্র, ৫০ টি কর্মসূচির মধ্যে ৪৪ নং কর্মসূচি অনুযায়ী স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত দেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে:

ক. দেশের প্রতিটি ওয়ার্ড, ইউনিয়ন, পৌরসভা এবং সিটি কর্পোরেশনে নিম্নে বর্ণিত সূচী অনুযায়ী মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে:

(ক) ইউনিয়ন পরিষদ সদস্য/পৌর কাউন্সিলর/ওয়ার্ড কমিশনারের নেতৃত্বে দেশের সকল ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে অনুষ্ঠান	০১ মার্চ ২০২২
(গ) দেশের সকল সিটি কর্পোরেশনে অনুষ্ঠান	০৫ মার্চ ২০২২

- খ. আবশ্যিকভাবে স্থানীয় বীর মুক্তিযোদ্ধাসহ সকল শ্রেণী-পেশার মানুষকে অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত করতে হবে।  
গ. নির্ধারিত তারিখে মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও বীরত্বগাঁথা, “মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান” সম্পর্কে আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।  
ঘ. অনুষ্ঠানে বর্তমান সরকারের সাফল্য এবং উন্নয়নের তথ্যচিত্র তুলে ধরে ব্যাপক প্রচার করতে হবে।  
ছ. সিটি কর্পোরেশন এবং তার ওয়ার্ডসমূহের অনুষ্ঠান বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়:

- (ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন-সভাপতি  
(খ) উপ-পরিচালক স্থানীয় সরকার (ডিডিএলজি), সংশ্লিষ্ট জেলা-সদস্য  
(গ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন স্থানীয় গণ্যমান্য ব্যক্তি-সদস্য  
(ঘ) জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের একজন প্রতিনিধি-সদস্য  
(ঙ) সচিব, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন-সদস্য সচিব  
(চ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র প্রধান উপদেষ্টা হিসেবে থাকবেন।



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
প্লট নং#২৩-২৬, রোড#৪৬, গুলশান-২, ঢাকা  
[www.dncc.gov.bd](http://www.dncc.gov.bd)

**কমিটির কার্যপরিধি:**

- (ক) সিটি কর্পোরেশন এবং তার ওয়ার্ডসমূহের জন্য নির্ধারিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;  
(খ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপট করতে পারবে।

- জ. পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।  
ঝ. কোভিড-১৯ সম্পর্কিত সর্বশেষ সরকারি নির্দেশনা ও যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।  
ঞ. অনুষ্ঠান সম্পন্নের পর সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে।

**২। বর্ষিত আলোচনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	আগামী ০১ মার্চ ২০২২ তারিখ ওয়ার্ড কাউন্সিলরগণ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের সাথে সমন্বয় করে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদার সাথে উপযাপনের নিমিত্ত ওয়ার্ড পর্যায়ে অনুষ্ঠান আয়োজন।	সম্মানিত কাউন্সিলর (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
২।	আগামী ০৫ মার্চ ২০২২ তারিখ বিকাল ০৩:০০ টায় (অথবা অন্য কোন সুবিধাজনক দিনে) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও বীরত্বগাঁথা, “মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান” সম্পর্কে আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।	বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)

**৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।**

*(Handwritten signature)*  
24/2/22

মোঃ সেলিম রেজা  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
☎ -৪৮৮১১৩৩৩  
[ceo@dncc.gov.bd](mailto:ceo@dncc.gov.bd)

নং- ৪৬.১০.০০০০.০০৬.৯৯.১৯২.১৬- ০ ৬

তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৮  
2৮ ফেব্রুয়ারি ২০২২

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- (১) সম্মানিত কাউন্সিলর, ..... ডিএনসিসি।  
(২) বিভাগীয় প্রধান, ..... ডিএনসিসি।  
(৩) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ..... ডিএনসিসি।  
(৪) মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ডিএনসিসি।  
(৫) প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ডিএনসিসি।